দৈনিক [illegible]

তারিখ ..... 15 JAN 2017
পৃঃ [illegible] কলাম ৪ ......

# আসবাবপত্র গুঁড়িয়ে দিলেন দুই শিক্ষক




**স্টাফ রিপোর্টার, কক্সবাজার ॥** পেকুয়ায় উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে শ্রেণী কক্ষে পাঠদান নিয়ে রশি টানাটানির ঘটনায় শিক্ষা গ্রহণ করতে পারছে না শিক্ষার্থীরা। প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জামাল উদ্দিনের নেতৃত্বে অপর দুই শিক্ষক শনিবার পশ্চিম উজানটিয়া উচ্চ বিদ্যালয়ের ২টি শ্রেণী কক্ষের আসবাবপত্র গুঁড়িয়ে দিয়েছে। শনিবার সকাল ১০টায় উজানটিয়া করিমদাদ মিয়া ঘাট এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনার পর শনিবার দুপুরে উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা বিক্ষোভ প্রদর্শন করেন।

পশ্চিম উজানটিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাকের উল্লাহ চৌধুরী বলেন, বিদ্যালয়ে ৯ম শ্রেণীর কার্যক্রম শুরু হওয়ায় ভবন সঙ্কটের কারণে চলতি মাসের শুরু থেকে পার্শ্ববর্তী পশ্চিম উজানটিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নিচতলার অব্যবহৃত উন্মুক্ত স্থানে শিক্ষার্থীদের পাঠদান শুরু করি। বৃহস্পতিবার প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষ ওইস্থানে পাঠদান না করতে বারণ করে। ফলে খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের পাঠদান করা হচ্ছে। অভিযোগ পাওয়া গেছে, শনিবার সকালে পশ্চিম উজানটিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল আলম আজমীর নির্দেশে সহকারী শিক্ষক জামাল উদ্দিন ও আনছার আসবাবপত্র ভাংচুর করে। শ্রেণীকক্ষ গুঁড়িয়ে দেয়ার সত্যতা স্বীকার করে সহকারী শিক্ষক জামাল উদ্দিন বলেন, এটা আমাদের বিদ্যালয়ের সরকারী ভবন। এখানে ক্লাস নিলে অবশ্যই গুঁড়িয়ে দেব। পেকুয়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাসান মুরাদ বলেন, বিষয়টি অবগত হয়েছি। উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে।